

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে মানসিক স্বাস্থ্য বিষয়ক কর্মশালা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কর্মকর্তাদের অংশগ্রহণে মানসিক স্বাস্থ্য বিষয়ক ‘এমপাওয়ার্ড মাইন্ড থ্রু ইমোশনাল ইন্টেলিজেন্স’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (০৯ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। আইকিউএসি’র আয়োজনে এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, কর্মক্ষেত্রে নিজের ওপর অর্পিত দায়িত্ব সুচারুভাবে সম্পন্ন করার মাঝে মানসিক প্রশান্তি রয়েছে। শিক্ষার্থীদের সেবা প্রদানের মাধ্যমে সে প্রশান্তি খুঁজে নিতে হবে। অর্পিত দায়িত্ব ও কর্তব্যকে চাপ না ভেবে আনন্দ হিসেবে নেয়া উচিত। তাহলে মানসিক তৃপ্তি পাওয়া যাবে।

এসময় তিনি অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, আসুন আমরা সবাই মিলে নোবিপ্রবিকে শিক্ষা ও গবেষণায় আরও একধাপ এগিয়ে নেয়ার প্রচেষ্টায় নিজেদের সম্পৃক্ত করি। বিশ্ববিদ্যালয়ে কাজের মধ্য দিয়ে রিফ্রেশমেন্ট খুঁজে নিই, পাশাপাশি সামাজিক দায়বদ্ধতা সুনিশ্চিত করি।

কর্মশালায় সভাপতিত্ব করেন আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবী। প্রোগ্রাম মডারেটর ও আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় কর্মশালায় কি-নোট স্পিকার ছিলেন ইনসাইট সাইকো-সোশ্যাল কেয়ার এন্ড রিসার্চ এর কনসালট্যান্ট সাইকোলজিস্ট জনাব এম. মোখলেসুর রহমান।

উল্লেখ্য, উক্ত কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪